



আরব আমিরাতে হামলায় উদ্বেগ জানিয়েছে বাংলাদেশ



সংগৃহীত ছবি

সংযুক্ত আরব আমিরাতে বেসামরিক স্থাপনায় সাম্প্রতিক হামলার ঘটনায় গভীর উদ্বেগ প্রকাশ করেছে বাংলাদেশ।

মঙ্গলবার (৫ মে) পররাষ্ট্র মন্ত্রণালয়ের এক বিবৃতিতে বলা হয়, এ ধরনের হামলা সেখানে বসবাসরত বাংলাদেশি নাগরিকসহ সাধারণ মানুষের জন্য বড় ধরনের ঝুঁকি তৈরি করছে। চলমান পরিস্থিতিতে এখন পর্যন্ত আটজন বাংলাদেশি প্রাণ হারিয়েছেন বলেও উল্লেখ করা হয়।

বিবৃতিতে আরও বলা হয়েছে, বাংলাদেশ সবসময় মনে করে, যেকোনো বিরোধের সমাধান হওয়া উচিত আলোচনার মাধ্যমে। পাশাপাশি পরিস্থিতি আরও উত্তপ্ত করতে পারে এমন পদক্ষেপ থেকে সংশ্লিষ্ট সবাইকে বিরত থাকার আহ্বান জানানো হয়েছে।

উল্লেখ্য, সোমবার সংযুক্ত আরব আমিরাতে ফুজাইরাহ প্রদেশে একটি তেল স্থাপনায় ড্রোন ও ক্ষেপণাস্ত্র হামলার ঘটনা ঘটে। তবে এ ঘটনার জন্য কারা দায়ী, তা এখনো নিশ্চিত হয়নি।

LENS ASIA